

**BEFORE THE GOVERNMENT OF INDIA**

**MINISTRY OF CORPORATE AFFAIRS**

**NEW DELHI**

File No. 24/2/2018 - CL - III

IN THE MATTER OF: The Companies Act, 2013.

And

IN THE MATTER OF: Section 230 read with Section 232  
of the Companies Act, 2013 and other applicable  
provisions of the Companies

Act, 2013.

And

In the matter of:

**WEST BENGAL STATE MINOR IRRIGATION  
CORPORATION LIMITED, 5, Mustaque Ahmed  
Street, Kolkata - 700 016.**

**... Transferor Company**

And

In the matter of:

**WEST BENGAL AGRO INDUSTRIES CORPORATION  
LIMITED, 23B, Netaji Subhas Road, 3<sup>rd</sup> Floor, Kolkata  
- 700 001.**

**... Transferee Company**

In the matter of:

**1. WEST BENGAL STATE MINOR IRRIGATION  
CORPORATION LIMITED**

**2. WEST BENGAL AGRO INDUSTRIES  
CORPORATION LIMITED**

**... APPLICANTS**

পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচ নিগম লিমিটেড , আবেদনকারী নং ১ এবং পশ্চিমবঙ্গ কৃষি-শিল্প নিগম লিমিটেড, আবেদনকারী কোম্পানী নং ২ এর সভার বিজ্ঞপ্তির বিজ্ঞাপন।

ভারত সরকারের যুগ্ম সচিব শ্রী জ্ঞানেশ্বর সিং মহোদয়ের নির্দেশে ,২৫ শে মে, ২০১৮ -র আদেশ অনুযায়ী এই বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচ নিগম লিমিটেড ও পশ্চিমবঙ্গ কৃষি-শিল্প নিগম লিমিটেডের সুরক্ষিত/অসুরক্ষিত ঋণদাতাদের সভা অনুষ্ঠিত হবে যেখানে উপরোক্ত আবেদনকারী কোম্পানীগুলি, যাদের ঋণমূল্য অসুরক্ষিত ঋণদাতাদের ক্ষেত্রে ৫০,০০০ টাকার বেশি এবং সুরক্ষিত ঋণদাতাদের ক্ষেত্রে ৫,০০,০০০ টাকার বেশি সেখানে উক্ত সভায় বিবেচনা পূর্বক এবং যথাবিহিত মনে হলে পরিমার্জন সহযোগে অথবা পরিমার্জন ছাড়াই আবেদনকারী কোম্পানী নং ১ ও আবেদনকারী কোম্পানী ২ ও তাদের ইকুইটি শেয়ারহোল্ডার সমেত, একত্রিত হতে পারার দাবিটি আলোচিত হবে।

এই আদেশ অনুযায়ী এবং উক্ত আদেশে যেভাবে নির্দেশিত সেই মোতাবেক আরো জানানো যাচ্ছে যে, পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচ নিগম লিমিটেড ও পশ্চিমবঙ্গ কৃষি-শিল্প নিগম লিমিটেড ,উভয় সংস্থার সুরক্ষিত ও অসুরক্ষিত ঋণদাতাদের সভা আগামী ২০ শে জুলাই, ২০১৮ আবেদনকারী কোম্পানী নং ১ ( পশ্চিমবঙ্গ রাজ্য ক্ষুদ্র সেচ নিগম লিমিটেড) এর ক্ষেত্রে বেলা ২ ঘটিকায় এবং আবেদনকারী কোম্পানী নং ২ ( পশ্চিমবঙ্গ কৃষি-শিল্প নিগম লিমিটেড) এর ক্ষেত্রে বেলা ৩ ঘটিকায় , পঞ্চম তল, কনফারেন্স হল, ব্লক-এ, খাদ্য ভবন, ১১ এ মির্জা গালিব স্ট্রীট ,কোলকাতা -৭০০০৮৭ এ অনুষ্ঠিত হবে। উপরি উক্ত সময়ে এবং স্থানে ওই সভায়, সমস্ত সুরক্ষিত ও অসুরক্ষিত ঋণদাতাদের অংশগ্রহণ করতে অনুরোধ করা হচ্ছে।

কোম্পানী'জ অ্যাক্ট ,২০১৩ র সেকশন ২৩০ এবং ২৩২ অধীনে , একত্রীকরণ ও বিবরণীর অনুলিপি আবেদনকারী কোম্পানী নং ১ ও ২ এর নিবন্ধীকৃত দপ্তর থেকে অথবা উহাদের অ্যাডভোকেটের দপ্তর, মেসার্স ফক্স অ্যান্ড মন্ডল , ২০৬ আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, সপ্তম তল,ইউনিট নম্বর ৭ সি, কোলকাতা ৭০০০১৭ থেকে বিনামূল্যে সংগ্রহ করা যেতে পারে।

উক্ত সভায় অংশগ্রহণের এবং ভোটদানের ক্ষমতা যে ব্যক্তিবর্গের থাকবে তাঁরা উপস্থিত থেকে অথবা প্রতিনিধির মাধ্যমে ভোট দিতে পারবেন তখনি , যখন যাবতীয় প্রতিনিধিত্ব ওই সভা অনুষ্ঠিত হবার ৪৮ ঘন্টা পূর্বে ওই কোম্পানীগুলির স্ব স্ব নিবন্ধীকৃত দপ্তরে নির্দিষ্ট ফর্মে জমা পড়বে।

প্রতিনিধি ফর্ম ,উপরি উক্ত কোম্পানীগুলির নিবন্ধীকৃত দপ্তর থেকে সংগ্রহ করা যেতে পারে।

ভারত সরকারের করপোরেট বিষয়ক মন্ত্রক, ওই সভার সভাপতি হিসেবে বাস্তুকার প্রধান ও পদাধিকার বলে সচিব, জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর,পশ্চিমবঙ্গ সরকার কে মনোনীত করেছেন। উপরোক্ত একত্রীকরণের প্রস্তাবটি ওই সভায় গৃহীত হলে পরবর্তী কালে করপোরেট বিষয়ক মন্ত্রকের অনুমোদনের জন্য পেশ করা হবে।

**সুপ্রিয় নাথ সেনা**

সুপ্রিয় নাথ সেনা

(উক্ত সভাসমূহের সভাপতি )

বাস্তুকার প্রধান ও পদাধিকার বলে সচিব।

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর।

পশ্চিমবঙ্গ সরকার।